যুগান্তর

তারিখ ২৯ OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

প্রাথমিক শিক্ষক সমিতির সভা

# সহকারী শিক্ষকদের পদোন্নতি দাবি

**যুগান্তর রিপোর্ট**

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির নির্বাচনোত্তর মতবিনিময় সভা শুক্রবার বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। এতে সমিতির ভারপ্রাপ্ত সভাপতি শফিকুর রহমান সভাপতিত্ব করেন।

সভায় সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষক পদে দ্রুত পদোন্নতি, প্রধান শিক্ষকদের বেতন নির্ধারণে জটিলতা নিরসনসহ প্রধান শিক্ষকদের ৯ম গ্রেডে ও সহকারী শিক্ষকদের ১০ম গ্রেডে বেতন নির্ধারণ, সহকারী শিক্ষক পদকে অ্যান্ট্রি পদ ধরে পরিচালক পর্যন্ত শতভাগ পদোন্নতি এবং পুল শিক্ষকদের চাকরি স্থায়ীকরণের দাবি জানানো হয়।

সভায় বক্তব্য দেন নবগঠিত কমিটির সভাপতি আনোয়ারুল ইসলাম তোতা, সম্পাদক গাজীউল হক চৌধুরী, গোলাম মোস্তফা, আবদুল মাজেদ, সুবল চন্দ্র পাল, আবদুল ওয়াদুদ ভুঁঞা, জুলফিকার আলী, সৈয়দ নজরুল ইসলাম, মো. রফিকুল ইসলাম, মীর মহিবুর রহমান, এসএম সাজ্জাদুল হক, কামরুল হাসান ভূঁইয়া, মাসুদুল করিম, বাঁধন খান পাঠান ববি, মনির হোসেন প্রমুখ।